

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

আদেশ নম্বর: ৪৭.৬১.৭০০০.০০০.৪২.০০১.৮৮. ১১৪৬

তারিখ: ১৭/১০/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

মধুমতি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ, রেজিঃ নং-২৩, তারিখ- ০৭/০৩/২০১৩খ্রিঃ, গ্রামঃ শিবনারায়নপুর, পোঃ কানসাট, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ এর কার্যক্রম জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক ৩০/০৮/২০২২ খ্রিঃ তারিখে পরিদর্শন পূর্বক প্রাপ্ত তথ্যানুযায়ী ০১ (এক) বছরের অধিক সময় বন্ধ থাকায় সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) ধারা মোতাবেক সমিতির নিবন্ধন বাতিলযোগ্য। জেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর স্মারক নং- ১০২৩, তারিখঃ ১২/০৯/২০২২খ্রি. মোতাবেক উক্ত সমিতির নিবন্ধন বাতিলের নিমিত্তে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে কেন নিবন্ধন বাতিল করা হবে না মর্মে কারন দর্শানোর নোটিশ জারী করা হয় এবং তার সন্তোষজনক ব্যাখ্যা ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এ দপ্তরে দাখিলের জন্য বলা হয়। সমিতি কর্তৃপক্ষ কর্তৃক ১৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে উক্ত নোটিশের জবাব দাখিল করা হলে অত্র দপ্তরের স্মারক নং- ১০৫৩ তারিখ- ২৫/০৯/২০২২ খ্রিঃ মূলে শুনানী গ্রহণের জন্য ০৬/১০/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা সময় নির্ধারন করে পত্র প্রেরন করা হয়। কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হলেও সমিতি কর্তৃপক্ষ উক্ত শুনানীতে উপস্থিত হয় নাই। ফলে অত্র দপ্তরের স্মারক নং- ১০৮৫ তারিখ-০৬/১০/২০২২ খ্রিঃ মূলে পরবর্তী শুনানীর জন্য ১৬/১০/২০২২ খ্রিঃ তারিখ নির্ধারন করে পত্র প্রেরন করা হয় এবং নির্ধারিত তারিখে সমিতির সভাপতির উপস্থিতিতে শুনানী গ্রহন করা হয়। শুনানীতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সন্তোষজনক নয়।

সেহেতু সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) ধারার শর্তাংশ মোতাবেক মধুমতি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ, রেজিঃ নং- ২৩, তারিখ- ০৭/০৩/২০১৩খ্রিঃ, গ্রামঃ শিবনারায়নপুর, পোঃ কানসাট, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ এর নিবন্ধন এতদ্বারা বাতিল করা হলো।

১৭/১০/২২
মোঃ আকরাম হোসেন
জেলা সমবায় কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
ফোনঃ ০২৫৮৮৮৯৩৫৬৫
ইমেইলঃ dco_chapai@yahoo.com
A
১৭/১০/২২

স্মারক নং-৪৭.৬১.৭০০০.০০০.৪২.০০১.৮৮. ১১৪৬/২(৪)

তারিখঃ ১৭/১০/২০২২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) মোঃ মাসুদ রানা, সভাপতি, মধুমতি সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ, গ্রামঃ শিবনারায়নপুর, পোঃ কানসাট, উপজেলাঃ শিবগঞ্জ, জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ।
- ২) উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। (তাকে তার উপজেলাধীম অত্র সমিতির অফিস ও কার্যক্রম বন্ধ করে আগামী ২৫/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন দাখিল করতে বলা হলো)
- ৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। সমিতির নামে সরকারী কোন সম্পত্তি বা অনুদান না দিতে এবং সমিতির নামে সরকারী কোন সম্পত্তি ইজারা দেয়া থাকলে তা বাতিল করতে অনুরোধ করা হলো।
- ৪) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) অফিস নথি।

১৭/১০/২২
মোঃ আকরাম হোসেন
জেলা সমবায় কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
ফোনঃ ০২৫৮৮৮৯৩৫৬৫
ইমেইলঃ dco_chapai@yahoo.com
A
১৭/১০/২২